গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহের জুন ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ জাহাংগীর আলম<br>সচিব, জননিরাপত্তা বিভাগ |
| সভার তারিখ | ১০ জুলাই, ২০২৪ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি বলেন জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থার সাথে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভাটি প্রতিমাসের ২য় সপ্তাহে বুধবার অনুষ্ঠিত হবে। ছুটি বা অন্য কোন বিশেষ কারণবশত ঐ দিনে সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে অনুষ্ঠিত হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ সভাটি অনুষ্ঠিত হচ্ছে। তিনি এ সভার গুরুত্ব অনুধাবন করে দপ্তর বা সংস্থা প্রধান/বিশেষ কারনে অনুমতি সাপেক্ষে তার পরবর্তী কর্মকর্তা এবং অনুবিভাগ প্রধানগণকে প্রয়োজনীয় হালনাগাদ তথ্যসহ সভায় যথাসময়ে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্বারোপ করেন। অত:পর গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে সিদ্ধান্ত কলামের ৬ নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত বাদ দিয়ে দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সভাপতি বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার সুষ্ঠু ও পরিপূর্ণভাবে বাস্তবায়ন ও স্মার্ট বাংলাদেশ নির্মাণকল্পে জননিরাপত্তা বিভাগের সংশ্লিষ্ট টিম ও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) এ তথ্য অন্তভুক্তির লক্ষ্যে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য একটি প্রশিক্ষণসূচী (মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ) প্রস্তুতপূর্বক জুলাই ২০২৪ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ এবং আগষ্ট ২০২৪ মাসের মধ্যে GEMS এ তথ্য অন্তর্ভুক্তি সম্পন্নের লক্ষ্যে অগ্রগতি পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, APA'র লক্ষ্যমাত্রা নিশ্চিতকল্পে/অর্জনে দপ্তর/সংস্থায় ওয়ার্কশপ আয়োজন করা এবং সূচক অর্জনে যে সকল সমস্যা উদ্ভূত হয় তা চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

সীমান্তের ১৫০ গজের মধ্যে কোন মন্ত্রণালয়/বিভাগের স্থাপনা নির্মাণের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করতে হবে মর্মে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কে বিষয়টি জানানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য

বিজিবির প্রতিনিধি সভাকে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র দিয়ে অবগত করার পক্ষে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত অনুবিভাগ) আনসার ও ভিডিপি অধিদপ্তরে বেশ কিছু বিষয় দীর্ঘদিন যাবৎ পেন্ডিং অবস্থায় রয়েছে তা দ্রুত নিষ্পত্তির বিষয়ে তিনি আনসার ও ভিডিপি অধিদপ্তরের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে এ বিভাগের সিস্টেম এনালিষ্ট বলেন পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তি, ট্রাকিং এবং এপিএ এর সূচক অর্জনে Service Tracker System বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) বলেন Service Tracker System চালুর লক্ষ্যে কার্যক্রম চলমান। সভায় সভাপতি এ বিভাগের দপ্তর/সংস্থা হতে প্রেরিত পেন্ডিং বিষয়সমূহ এবং এ বিভাগ হতে দপ্তর/সংস্থাসমূহে প্রেরিত পেন্ডিং বিষয়গুলি গুরুত্ব অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির জন্য উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করেন।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) দপ্তর/সংস্থাসমূহ হতে বিশেষ করে আনসার ও ভিডিপি অধিদপ্তর হতে আরো বেশি প্রকল্প প্রস্তাব প্রেরণের উপর গুরুত্বারোপ করেন। আনসার ও ভিডিপি অধিদপ্তরের প্রতিনিধি বলেন তারা এ বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণ করবেন। সভায় সভাপতি বিজিবি'র বিওপি, বাংলাদেশ পুলিশের অবশিষ্ট থানা ও ফাঁড়ি এবং আনসার ও ভিডিপি অধিদপ্তর হতে প্রয়োজনীয় প্রকল্প প্রস্তাব বিধিমতে দ্রুত এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা) বলেন, জমি অধিগ্রহণের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের জারিকৃত পরিপত্র অনুসারে উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থ হতে (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যয়ের পদক্ষেপ গ্রহণ করার জন্য উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জমি অধিগ্রহণের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুসরণ করে দ্রুত কার্যক্রম গ্রহণ এবং জটিলতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে জটিলতাসমূহ নিরসনের উদ্যোগ গ্রহণের উপর মতামত ব্যক্ত করেন।

এ বিভাগের সিস্টেম এনালিষ্ট সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় তথ্য বাতায়নের আদলে হালনাগাদ করে নিয়মিত তথ্য আপলোড করার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর বা সংস্থার সাথে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভাটি প্রতিমাসের ২য় সপ্তাহের বুধবার সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। ছুটি বা অন্য কোন বিশেষ কারনে অনুষ্ঠিত না হয় সেক্ষেত্রে পরবর্তী কার্যদিবসে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় দপ্তর/সংস্থা প্রধানের অনুমতি সাপেক্ষে তার পরবর্তী কর্মকর্তা প্রয়োজনীয় তথ্যসহ উপস্থিত থাকতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |
| ২. | উন্নয়ন প্রকল্পসমূহের আওতায় উন্নয়ন বাজেট হতে (যদি থাকে) বিধি মোতাবেক দ্রুত জমি অধিগ্রহন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) / অনুবিভাগ সকল |

| | | |
|---|---|---|
| ৩. | ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) / এপিএ টিম লিডার (অতিরিক্ত সচিব, পুলিশ ও এনটিএমসি) |
| ৪. | জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহ জুলাই/২০২৪ এর মধ্যে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত APP (বার্ষিক ক্রয় পরিকল্পনা) ওয়েবসাইটে প্রকাশ করবে এবং এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | দপ্তর/সংস্থা সকল /সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ |
| ৫. | সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) এ তথ্য অন্তর্ভুক্তির লক্ষ্যে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণসূচি প্রস্তুতপূর্বক জুলাই ২০২৪ মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। GEMS এ তথ্যাদি অন্তর্ভুক্তির অগ্রগতি পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | দপ্তর/সংস্থা সকল /সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ |
| ৬. | আন্তর্জাতিক সীমান্ত সমস্যা নিরসনকল্পে সীমান্তের ১৫০ গজের মধ্যে কোন মন্ত্রণালয়/বিভাগের স্থাপনা নির্মাণের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দিয়ে অবহিত করতে হবে। | রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ |
| ৭. | দপ্তর/সংস্থাসমূহ হতে প্রেরিত এ বিভাগের পেন্ডিং এবং এ বিভাগ হতে অধিদপ্তরসমূহে পেন্ডিং বিষয়সমূহ গুরুত্ব অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। Service Tracker System বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল)/অনুবিভাগ প্রধান (সকল)/ সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ |
| ৮. | সকল দপ্তর/সংস্থা কে রাজস্ব খাত হতে উন্নয়ন কার্যক্রম কমিয়ে উন্নয়ন প্রকল্প গ্রহণের প্রতি উদ্যোগী হতে হবে। বিশেষ করে আনসার ও ভিডিপি অধিদপ্তর হতে প্রয়োজনীয় প্রকল্প প্রস্তাব বিধিমতে দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |
| ৯. | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের আদলে হালনাগাদ রাখতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৭/২০২৪

মোঃ জাহাংগীর আলম
সচিব
জননিরাপত্তা বিভাগ

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০২.২০২৪-১৮৬

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩১ / ১৮ জুলাই ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব.......................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ধানমন্ডি, ঢাকা।
৮। যুগ্মসচিব .......................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৯। উপসচিব.................................... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১২। সিনিয়র সহকারী সচিব ........................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩। সহকারী সচিব.................................................. (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৮/০৭/২৪

জোসেফা ইয়াসমিন

সিনিয়র সহকারী সচিব